

সোনালি ফসলের সমারোহ

কিশোর মজুমদার

পাগলটা আজ গান ধরেছে পাতি বাংলা ভাষায়
দেহাতি উচ্চারণে বসন্ত বিকেল তার
মাটির সোঁদায় গল্প জমা করতে থাকে ;

তুই কী করিস রে পাগল ?
– আমি ফসল কুড়োই গো
দেখো না কেমন অ - আ- ক - খ গুলান
ধূলা মাটিতে হারাই যেতেছে ।
মাটিতে অসংখ্য ফসলের দানা
ওই বীজ থেকেই তো লক্ষ হাজার কবিতা হয় বাবু ;

জেনেছিলাম ,
বিশ্ব এসে চিনে নিয়ে গেল তার মা-কে
এই খানেই মাকে মা ডাকতে শিখেছিল গোটা বিশ্ব
পাগলটা ওই এক খুঁটোয় আঙুঠে-পুঠে বেঁধে রেখেছে
বেঁচে থাকার আনন্দকে ।

কারণ সে জেনে গেছে
হাজার নক্ষত্রবীথির থেকেও
দূরবিন পটে যেন দেখা যাবে উজ্জ্বল সোনালি
ফসল সব – গীতাঞ্জলি – অগ্নিবীণা –
সোনার বাংলা ভাষার জমিতে লক্ষ কোটি
এমনি সোনালি ফসলের সমারোহ ।

.....



কিশোর মজুমদারের কবিতার PDF Download করুন- <https://rb.gy/algnc0>

দ্বৈত পার্থের জন্য রোমান্টিক কবিতার PDF Download করুন- <https://rb.gy/algnc0>